দৈনিক ইত্তেফাক

FEB. 06 2000

তারিখ ...

পৃষ্ঠা ২ কলাম ৬

21

# আজ একুশে বইমেলা শুরু

ইত্তেফাক রিপোর্ট ঃ আজ (রবিবার) বাংলা একাডেমীতে মহান একুশে বইমেলা শুরু হইবে। বিকাল সাড়ে ৩টায় মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করিবেন প্রধানমন্ত্রী শেখ হসিনা। বেতার ও বিটিভি উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করিবে। একুশে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি লাভ করায় এইবারের বইমেলা বিশেষভাবে গুরুত্বপূর্ণ হইয়া উঠিয়াছে। মেলায় ৩১৯টি স্টল বরাদ্দ দেওয়া হইয়াছে। মেলায় প্রথমবারের মত শিশুদের জন্য 'শিশুমেলা' নামে পৃথক স্থান বরাদ্দ করা হইয়াছে। বিশ্বব্যাপী মেলার খবর ছড়াইয়া দেওয়ার জন্য আয়োজন করা হইয়াছে ওয়েব সাইটের। ভাষা আন্দোলনের শহীদ বরকত, রফিক, শফিউর, সালাম, জব্বার, অউয়াল ও আহিউল্লাহর নামে মেলায় বিশেষ স্থান


(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## বইমেলা

(প্রথম পৃষ্ঠার পর)

নির্বাচন করা হইয়াছে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের নামেও বরাদ্দ করা হইয়াছে পৃথক দুইটি চত্বর। মেলার সৌন্দর্য বৃদ্ধির লক্ষ্যে বইয়ের জগতে সাজানো হইয়াছে ফুলের বাগান। ইহাছাড়া লেখক-লেখিকাদের আড্ডার জন্য বরাদ্দ করা হইয়াছে লেখক কুঞ্জ। ২৯শে ফেব্রুয়ারী পর্যন্ত মেলা প্রতিদিন বিকাল ৩টায় শুরু হইয়া রাত ৯টা পর্যন্ত চলিবে। শতকরা ২০ ভাগ কমিশনে মেলায় বই বিক্রয় হইবে। এদিকে গতকাল বর্ষণসিক্ত দিনেও মেলা প্রাঙ্গণ স্টল নির্মাণ ও অঙ্গসজ্জার কাজে দারুণ ব্যস্ত ছিল। যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের গতকাল বিকালে বইমেলার প্রস্তুতি কর্মকান্ড পরিদর্শন করেন।

22



আমার ভাইয়ের রক্তে রাঙানো

স্টাফ রিপোর্টার ॥ ভালবাসি বাংলা ভাষা, ভালবাসি বিশ্বজনের মাতৃভাষা স্লোগান সংবলিত গ্রুপ থিয়েটার ফেডারেশনের জাতীয় পথনাট্যোৎসবের প্রথম দিন ছিল

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

# অমর একুশে গ্রন্থমেলা আজ শুরু ॥ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ আজ রবিবার বাংলা একাডেমী চত্বরে শুরু হচ্ছে ২৪ দিনব্যাপী একুশের বইমেলা। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিকাল তিনটায় আনুষ্ঠানিকভাবে বইমেলা উদ্বোধন

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## অমর একুশে গ্রন্থমেলা

(প্রথম পাতার পর)

করবেন।

মহান একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে বিশ্ব স্বীকৃতি লাভের পর একুশের বইমেলা বিশেষ গুরুত্ববহ হয়ে উঠেছে। এবারের উদ্যোগ-আয়োজনও ভিন্ন বৈশিষ্ট্যে মন্ডিত। বাংলা একাডেমী বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সহযোগিতায় আয়োজন করেছে 'অমর একুশে গ্রন্থমেলা'। মোট ২১৫টি প্রতিষ্ঠানের ৩১৯টি স্টল থাকছে এবারের মেলায়।

সাত ভাষা শহীদের নামে থাকছে সাতটি চত্বর। এই চত্বরগুলোর নামকরণ করা হয়েছে শহীদ বরকত, রফিক, শফিউর, সালাম, জব্বার, আউয়াল এবং অহিউল্লাহর নামে। এ ছাড়াও মেলা প্রাঙ্গণে থাকবে বাংলা সাহিত্যের দুই কাণ্ডারী রবীন্দ্রনাথ ও কাজী নজরুলের নামে দু'টি চত্বর। মেলা প্রাঙ্গণকে বখাটে, ধূমপান ও পলিথিনমুক্ত ঘোষণা করা হয়েছে। শিশুমেলা নামে এবার শিশুদের জন্য বরাদ্দ করা হয়েছে আলাদা একটি এলাকা। গত বছরের মতো এবারও ওয়েবসাইট রয়েছে বইমেলায়।

উদ্বোধনী অনুষ্ঠানটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচার করা হবে। যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের গতকাল শনিবার বইমেলার প্রস্তুতি সরেজমিনে পরিদর্শন করেন। বাংলা একাডেমীর মূল মঞ্চে প্রতিদিন বিকালে থাকবে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বইমেলা রোজ শুরু হবে বিকাল তিনটায়, চলবে রাত ৯টা পর্যন্ত। মেলায় শতকরা ২০ ভাগ কমিশনে বই বিক্রি করা হবে।

## আজ একুশে বইমেলার

● প্রথম পাতার পর

সরাসরি সম্প্রচার করবে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার।

এদিকে যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদের বাংলা একাডেমীতে আয়োজিত একুশে বইমেলার সর্বশেষ প্রস্তুতি গতকাল শনিবার সরজমিনে পরিদর্শন করেন। এ সময় বাংলা একাডেমীর মহাপরিচালক ড. সৈয়দ আনোয়ার হোসেন উপস্থিত ছিলেন।

এবারের মেলায় মোট ৩১৯টি স্টলে ২১৫টি সৃজনশীল প্রকাশনা সংস্থা অংশগ্রহণ করছে। মেলা থাকবে সম্পূর্ণ ধূমপান ও পলিথিন ব্যাগ মুক্ত। মেলায় স্থাপিত মূল মঞ্চে প্রতিদিন বিকালে অনুষ্ঠিত হবে আলোচনা, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রতিদিন বিকাল ৩টা থেকে শুরু হয়ে মেলা চলবে রাত ৯টা পর্যন্ত।

এদিকে বইমেলাকে ধূমপানমুক্ত এলাকা ঘোষণা করায় বিভিন্ন সংগঠন সরকার এবং বাংলা একাডেমী কর্তৃপক্ষকে অভিনন্দন জানিয়েছে। সংগঠনগুলো হলো স্টুডেন্ট এন্টি-স্মোকিং কমিটি সাস্ক, এষা খান স্মৃতি পুরস্কার কমিটি, বন্ধন স্বেচ্ছায় রক্তদান সংস্থা, আধুনিক এবং সংবাদপত্র, সাংবাদিক ও লেখক হামলা প্রতিরোধ ফোরাম।